

প্রেস রিলিজ

ঢাকা, ৫ এপ্রিল ২০২০


বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ক্রমান্বয়ে বৃদ্ধির প্রবণতা লক্ষ্যণীয়। বাংলাদেশ সরকার এ দুর্যোগ মোকাবিলায় নানামুখি পদক্ষেপ গ্রহণ করেছে। দেশের দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদফতর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি ও সম্মানিত সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী'র নির্দেশনায় সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম এর নেতৃত্বে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তায় দুস্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তি, পথশিশু, কর্মহীন শ্রমিক পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে।

প্রতিদিন ঢাকা শহরের ৫০০ পরিবারকে ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেয়াজ, আধালিটার সয়াবিন তেল ও একটি সাবান প্রদান করা হচ্ছে। গত ২৮ মার্চ হতে এ কার্যক্রম চলছে। এ কার্যক্রম জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়সমূহের মাধ্যমে দেশব্যাপী সম্প্রসারণ করা হয়েছে।

আজ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের তোপখানা রোড, ইস্কাটন, মগবাজার, শাহজাহানপুর, পল্টন এলাকার শ্রমজীবী-কর্মহীন ৫০০ পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম পরিচালনা করেন সমাজসেবা অধিদফতর সহকারী পরিচালক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, জাতীয় সমাজকল্যাণ পরিষদের সহকারী পরিচালক জনাব তৌহিদুর রহমান মোঃ, শহর সমাজসেবা কার্যালয়-২ এর কর্মকর্তা জনাব মোঃ জিয়াউর রহমান চৌধুরী, লিয়াজো অফিসার জনাব মোঃ নূরুল আমিন খান।

২৭ মার্চ হতে ৯ এপ্রিল পর্যন্ত ঢাকা শহরের সর্বমোট ৬৬৬০ জনের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।


মোঃ সাজ্জাদুল ইসলাম
উপপরিচালক

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ
সমাজসেবা অধিদফতর

ই-মেইল: dd.pub@dss.gov.bd
rangasazzad@gmail.com